

১১তম গ্রেড নিয়ে প্রাথমিকের শিক্ষকদের জন্য সুখবর

অনলাইন ডেঙ্ক



১৩তম গ্রেডের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
সহকারী শিক্ষকদের বেতন স্কেল ১১তম গ্রেডে
করতে অর্থ মন্ত্রণালয়কে চিঠি দেওয়া হয়েছে।
প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা.
বিধান রঞ্জন রায় পোদ্দার আজ মঙ্গলবার এ
তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, ‘১৩তম গ্রেডে থাকা সরকারি
প্রাথমিকের সহকারী শিক্ষকরা যাতে ১১তম
গ্রেডের বেতন পান, সে জন্য চিঠি দিয়েছি।’

আন্দোলনের অংশ নেওয়া সরকারি প্রাথমিক
বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা ফাতেমা
আকতারের মৃত্যুতে দুঃখ প্রকাশ করে তার

পরিবারের পাশে থাকার ঘোষণা দিয়েছেন

উপদেষ্টা।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আন্দোলন

প্রসঙ্গে উপদেষ্টা বলেন, ‘প্রাথমিক শিক্ষকদের

সংগঠনগুলোর মধ্যে ৯টি সংগঠন মন্ত্রণালয়ের

সঙ্গে আলোচনা করে সন্তুষ্ট হয়েছে। তবে

ভুঁইফোড় চারটি সংগঠনের সদস্যরা আন্দোলন

করেছেন। তারা শিক্ষকদের ভুল বুঝিয়ে

অযৌক্তিক আন্দোলনের ডাক দিয়ে ভোগান্তিতে

ফেলেছেন।’